ইত্তেফাক

তারিখ 2/1/62

পৃষ্ঠা ... কলাম ...

102

# প্রাথমিক শিক্ষক সংগ্রাম পরিষদের কয়েকজন কর্মকর্তার বিবৃতি

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা, মহানগরী প্রাথমিক শিক্ষক সংগ্রাম পরিষদের কয়েকজন কর্মকর্তা গতকাল (রবিবার) এক যুক্ত বিবৃতিতে ঢাকা পৌর কর্পোরেশনের কয়েকজন ওয়ার্ড কমিশনার কর্তৃক শিক্ষকদের সরকারী চাকুরীর আইনগত অধিকার রক্ষার ন্যায়সঙ্গত আন্দোলনকে স্তব্ধ করিয়া দেওয়ার চেষ্টার সমালোচনা করিয়াছেন এবং কমিশনারদের এ ধরনের কার্যকলাপ হইতে বিরত থাকার আহ্বান জানাইয়াছেন।